

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/ ১৮ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-১৩-আইন/২০২৪/০১/কাস্টমস।—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 219, Section 13 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি-৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি-৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৭। লাইসেন্সের মেয়াদ।—(১) সকল ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(২) নিম্নবর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে, বিধি ৮ অনুযায়ী বন্ড লাইসেন্স নবায়ন করা যাইবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট বন্ড কমিশনারেট বা, ক্ষেত্রমত, বন্ড নিয়ন্ত্রণকারী কমিশনারেট কর্তৃক বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে ন্যূনতম ২ (দুই) বৎসরের নিরীক্ষা করিতে হইবে; এবং

(খ) বিগত ৩ (তিন) বৎসরের মধ্যে ন্যূনতম ১ (এক) বৎসরের আমদানি-রপ্তানি কার্যক্রম থাকিতে হইবে।”;

(৬৭৩)

মূল্য : টাকা ৪.০০

(খ) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

- “৮। লাইসেন্স নবায়ন।—(১) লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০(ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ৫ (পাঁচ) হাজার টাকা হারে ৩ (তিন) বৎসরের নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া, বিধি-৭ এর উপ-বিধি ২ এ উল্লিখিত প্রয়োজনীয় দলিলাদি সংশ্লিষ্ট এসোসিয়েশনে জমা প্রদান করিলে, লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মেয়াদের জন্য নবায়িত হইবে এবং সংশ্লিষ্ট এসোসিয়েশনে উক্ত নবায়ন সংক্রান্ত তথ্য নবায়নের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বড) বা সংশ্লিষ্ট কমিশনার বরাবরে প্রেরণ করিবে।
- (২) এসোসিয়েশন বিহীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ১০ (দশ) হাজার টাকা হারে ৩ (তিন) বৎসরের নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিলে বিধি-৭ এর উপ-বিধি ২ এর বিধান মোতাবেক, সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তা লাইসেন্স নবায়নের অনুমতি প্রদান করিবেন।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।